

## ■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৬৯

১২/ ওসীয়াত সম্পর্কে (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ১১৬. কোন ব্যক্তির কোন সম্পদ ওয়াকফ করা সম্পর্কে।

بَابٌ مَا جَاءَ فِي الرَّجُلِ يُوقِفُ الْوَقْفَ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ دَاؤَدَ الْمَهْرِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي الْلَّيْثُ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ صَدَقَةٍ، عُمَرَ بْنِ الْخَطَّابِ رضي الله عنه قال نَسَخَهَا لِي عَبْدُ الْحَمِيدِ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ هَذَا مَا كَتَبَ عَبْدُ اللَّهِ عُمَرُ فِي ثَمْغٍ فَقَصَّ مِنْ خَبَرِهِ نَحْوَ حَدِيثِ نَافِعٍ قَالَ غَيْرُ مُتَأْثِلٍ مَالًا فَمَا عَفَا عَنْهُ مِنْ ثَمَرِهِ فَهُوَ لِالسَّائِلِ وَالْمَحْرُومِ - قَالَ وَسَاقَ الْقِصَّةَ - قَالَ وَإِنْ شَاءَ وَلِيُّ ثَمْغٍ اشْتَرَى مِنْ ثَمَرِهِ رَقِيقًا لِعَمَلِهِ وَكَتَبَ مُعَيْقِبٌ وَشَهَدَ عَبْدُ اللَّهِ بْنُ الْأَرْقَمِ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ هَذَا مَا أَوْصَى بِهِ عَبْدُ اللَّهِ عُمَرُ أَمِيرُ الْمُؤْمِنِينَ إِنْ حَدَثَ بِهِ حَدَثٌ أَنَّ ثَمْغًا وَصِرْمَةً بْنَ الْأَكْوَعِ وَالْعَبْدَ الَّذِي فِيهِ وَالْمِائَةَ سَهْمٌ الَّتِي بِخَيْرٍ وَرَقِيقَهُ الَّذِي فِيهِ وَالْمِائَةَ الَّتِي أَطْعَمَهُ مُحَمَّدُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْوَادِي تَلِيهِ حَفْصَةُ مَا عَاشَتْ ثُمَّ يَلِيهِ ذُو الرَّأْيِ مِنْ أَهْلِهَا أَنْ لَا يُبَاعَ وَلَا يُشْتَرَى يُنْفَقُهُ حَيْثُ رَأَى مِنَ السَّائِلِ وَالْمَحْرُومِ وَذِي الْقُرْبَى وَلَا حَرجٌ عَلَى مَنْ وَلَيْهِ إِنْ أَكَلَ أَوْ آكَلَ أَوْ اشْتَرَى رَقِيقًا مِنْهُ .

বাংলা

২৮৬৯. সুলায়মান ইবন মাহরী (রহঃ) ..... ইয়াহইয়া ইবন সাঙ্দ (রহঃ) উমার ইবন খাতাব (রাঃ) এর সাদকা সম্পর্কে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমাকে আবদুল হামীদ ইবন 'আবদুল্লাহ ইবন 'উমার ইবন খাতাব এরূপ লিখে দিয়েছেনঃ

বিসমিল্লাহির রাহিমানির রাহীম। এ হলো ঐ বর্ণনা, যা 'আবদুল্লাহ ইবন 'উমার 'ছামাগ' সম্পর্কে লিখেছিলেন। অতঃপর রাবী নাফি'(রহঃ) এর বর্ণিত হাদীছের ন্যায় বর্ণনা করেছেন যে, ধন-সম্পদ জমাকারী হবে না, আর যে ফল তাতে পতিত হবে, তা হবে ভিক্ষুক এবং বঞ্চিতদের অংশ। অতঃপর রাবী এ ঘটনা প্রসঙ্গে বলেনঃ যদি ঐ

বাগানের মুতাওয়াল্লী চায়, তবে সে বাগানের ফল বিক্রি করে সে মূল্য দিয়ে বাগানের কাজের জন্য গোলাম খরিদ করতে পারে। আর মু'আয়কীব এ বর্ণনা লিপিবদ্ধ করেন এবং 'আবদুল্লাহ' ইবন আরকাম এর সাক্ষী হন।

'বিসমিল্লাহির রাহমানির রাহিম। এটা ঐ ওসীয়তনামা, যার ওসীয়ত আল্লাহর বান্দা আমীরুল মু'মিনীন 'উমার (রাঃ) করেনঃ যদি তাঁর [উমার (রাঃ)] উপর কোন দুর্ঘটনা ঘটে (অর্থাৎ তিনি মারা যান), তাহলে 'ছামাগ' ইবন আকুয়ের 'সুরমা' [১] এবং সেখানে যে গোলামেরা আছে, তা; আর খায়বরের একশত হিস্সা এবং সেখানকার গোলামেরা এবং ঐ একশত ভাগ যা মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে খায়বরের নিকটবর্তী উপত্যকায় দিয়েছিলেন এ সবের মুতাওয়াল্লী হবে, যতদিন সে জীবিত থাকবে, হাফসা (রাঃ)।[২] তাঁর অবর্তমানে, তাঁর পরিবার পরিজনদের মাঝে যারা জ্ঞান-বুদ্ধিসম্পন্ন হবে তারা এর মুতাওয়াল্লী হবে। এ শর্তে যে, তারা এ বাগান বেচাকেনা করতে পারবে না। কিন্তু যখন কোন ভিক্ষুক, বধিত, নিকটাত্মীয় বা কোন বন্ধু বান্ধব হবে, তাদের জন্য এ থেকে খরচ করবে। আর এই বাগানের মুতাওয়াল্লী যদি এ থেকে কিছু ভক্ষণ করে, অভাবগ্রস্তদের খাওয়ায় এর মুনাফা হতে (বাগানের কাজের জন্য) কোন গোলাম খরিদ করে, তবে এত কোন দোষ নেই।

## English

Narrated Yahya b. Sa'id:

'Abd al-Hamid b. Abd 'Allah b. 'Abd Allah b. 'Umar b. al-Khattab copied to me a document about the religious endowment (waqf) made by 'Umar b. al-Khattab : In the name of Allah, the Compassionate, the Merciful. This is what Allah's servant 'Umar has written about Thamgh. He narrated the tradition like the one transmitted by Nafi'. He added: "provided he is not storing up goods (for himself)". The surplus fruit will be devoted to the beggar and the deprived. He then went on with the tradition, saying: If the man in charge of Thamgh wishes to buy a slave for his work for its fruits (by selling them), he may do so. Mu'iqib penned it and 'Abd Allah b. al-Arqam witnessed it : In the name of Allah, the Compassionate, the Merciful. This is what Allah's servant 'Umar , Commander of Faithful, directed, in case of some incident happens to him (i.e. he dies), that Thamg, Sirmah b. al-Akwa', the servant who is there, the hundred shares in (the land of) Khaibr, the servant who is there and the hundred sahres which Muhammad (ﷺ) had donated to me in the valley (nearly) will remain in the custody of Hafsa during her life, then the men of opinion from her family will be in charge of these (endowments), that these will neither be sold nor purchased, spending (its produce) where they think (necessary on the beggar, deprived and relatives). There is no harm to the one in charge (of this endowment) if he eats himself, or feeds, or buys slaves with it.

## ফুটনোট

১. সুরমা হল একটি ফলের বাগানের নাম, যা উমর (রাঃ)-কে ইবন আকু নামক জনেক সাহাবী দান করেছিলেন।
২. হাফসা রাঃ হলেন রাসুল (সা:) এর সহধর্মী, মুমিনদের মাতা এবং উমর (রাঃ) এর প্রিয় কন্যা।

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পারলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাওদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34977>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন